

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৮৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ইবাদতের জন্য হায়াত ও দৌলতের আকাজ্ফা করা

اَلْفَصِيْلُ الثَّنِفُ (بَابُ اسْتِحْبَابِ الْمَالِ وَالْعُمُرِ لِلطَّاعَةِ)

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ اللَّهَ تَعَالَى إِذَا أَرَادَ بِعَبْدِ خَيْرًا اسْتَعْمَلَهُ» . فَقِيلَ: وَكَيْفَ يَسْتَعْمِلُهُ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «يُوَفِّقُهُ لِعَمَلٍ صَالِحٍ قَبْلَ الموت» . رَوَاهُ التِّرْمِذِي

صحیح ، رواه الترمذی (2142 وقال : صحیح) ۔ (صَحِیح)

বাংলা

৫২৮৮-[৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। নিশ্চয় নবী (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা যখন কোন বান্দার কল্যাণ কামনা করেন তখন তাকে ভালো কাজে নিয়োজিত করেন। প্রশ্ন করা হলো- হে আল্লাহর রসূল! কিরূপে তার দ্বারা ভালো কাজ করান? তিনি (সা.) বললেন: মৃত্যুর আগে তাকে ভালো কাজ করার তাওফীক দান করেন। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২১৪২, সহীহুল জামি ৩০৫, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৩৫৭, মুসনাদে আহমাদ ১২০৫৫, আবু ইয়া'লা ৩৭৫৬, সহীহ ইবনু হিব্বান ৩৪১, আল মু'জামুল আওসাত্ব ৪৬৫৬।

ব্যাখ্যা

व्याच्या : (إِنَّ اللَّهَ تَعَالَى إِذَا أَرَادَ بِعَبْد خَيْرًا اسْتَعْمَلَهُ) आञ्चार ठा आणा कामना



করলে তাকে দিয়ে আনুগত্যমূলক কাজ করিয়ে নেন। সহাবীগণ রসূল (সা.) -কে এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি উত্তরে বলেন- এর অর্থ হচ্ছে আল্লাহ তা'আলা তাকে মৃত্যুর পূর্বে তাওবাহ্ করার সুযোগ করে দেন এবং সৎকাজ করতে করতে উত্তম 'আমলের উপর মৃত্যু হয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন